

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.১৩১.২২ নথির বিষয়: Repairing of water line leakage at south side of Dhaka-Chittagong road under MODS Zone-7 area, Dhaka WASA (Package-9)

নোট: ১ নোটের বিষয়: Repairing of water line leakage at south side of Dhaka-Chittagong road under MODS Zone-7 area, Dhaka WASA (Package-9)

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৮/২২ ১২:৫৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দক্ষিণ পার্শ্ব জনবহুল এলাকায় বিদ্যমান পুরাতন ও জরাজীর্ণ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। জুরাইন, মুরাদপুর, মেরাজনগর, মোহাম্মদবাগ, মদিনাবাগ, রসুলপুর, শাহী মহল্লা, কদমতলী, শ্যামপুর ও তৎসংলগ্ন এলাকা সমূহে প্রায়শঃই পানির লাইনে লিকেজ হয়েছে মর্মে ঢাকা ওয়াসা লিংক, মোবাইল ও সরাসরি জোন অফিসের অভিযোগ কেন্দ্রে সম্মানিত গ্রাহকগণ অভিযোগ করেন। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয় এবং পানির লাইনের লিকেজ মেরামত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হয়। উক্ত লিকেজ সমূহের কারণে পানির অপচয় হয় এবং সংশ্লিষ্ট এলাকায় তীব্র পানির স্বল্পতা দেখা দেয়। সংশ্লিষ্ট এলাকা সমূহের বিদ্যমান পানির লাইনে লিকেজের কারণে ময়লা পানি প্রবেশ করে এবং উক্ত নেটওয়ার্কে ময়লা ও দুগন্ধ যুক্ত পানি গ্রাহক হোল্ডিং এ সরবরাহ নেটওয়ার্কের মাধ্যমে সরবরাহ হয়। উল্লেখ্য যে, মডস জোন-৭ এর আওতাধীন অধিকাংশ এলাকা ডিএনডি প্রকল্পের অন্তর্ভুক্ত বিধায় উক্ত এলাকা সমূহে খাল, ডোবা-নালা ও পরিত্যক্ত জলাধার তুলনামূলকভাবে বেশি। সংশ্লিষ্ট বিভাগ উক্ত এলাকাসমূহের খাল পরিষ্কার করার সময় ঢাকা ওয়াসার সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগে ক্ষতিগ্রস্ত করে থাকে। ফলে ক্ষতিগ্রস্ত সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগ দিয়ে লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হয়ে এলাকায় পানির স্বল্পতা দেখা দেয় এবং ক্ষতিগ্রস্ত পয়েন্ট দিয়ে ময়লা পানি সরবরাহ নেটওয়ার্কে প্রবেশ করে গ্রাহক হোল্ডিং এ সরবরাহ হয়। এছাড়া বিভিন্ন সময় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, তিতাস গ্যাস এবং বিভিন্ন সংস্থা হতে সরবরাহ পানির লাইন লিকেজ হয়ে পানির অপচয় ও রাস্তা নষ্ট হচ্ছে মর্মে অত্র দপ্তরে অভিযোগ পাওয়া যায়। ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের সর্বোচ্চ সেবা প্রদান ও সুনাম অক্ষুণ্ণ রাখার স্বার্থে ন্যূনতম সময়ে লিকেজগুলো মেরামত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৮/২২ ১২:৫৫ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের (সংযুক্তি-২) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে “পার্ট-এ”-তে মালামাল বাবদ ৬৯,৯০০/- (উনসত্তর হাজার নয় শত) টাকা মাত্র এবং “পার্ট-বি”-তে লেবার চার্জ বাবদ ৪,৯৬,১৩৯.৪০৮ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার এক শত উনচল্লিশ দশমিক চার শূন্য আট) টাকা মাত্র সহ সর্বমোট ৫,৬৬,০৩৯.৪০৮ (পাঁচ লক্ষ ছেষটি হাজার উনচল্লিশ দশমিক চার শূন্য আট) টাকা মাত্র। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য “পার্ট-এ”-তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৮/২২ ১২:৫৫ অপরাহ্ন

আলোচ্য কাজটি চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি-১৩.১১ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-১)।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৭/৮/২২ ১২:৫৫ অপরাহ্ন

আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


সংযুক্তিসমূহ (৫):

- ১। ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। পূর্বানুমোদিত দর।
- ৩। ক্যালকুলেশন শীট।
- ৪। প্রাক্কলন।
- ৫। প্রতিবেদন।


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৭/৮/২২ ১২:৫৬ অপরাহ্ন


এমতাবস্থায়, “Repairing of water line leakage at south side of Dhaka-Chittagong road under MODS Zone-7 area, Dhaka WASA (Package-9)” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি জরুরি বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের নিমিত্তে “পার্ট-বি”-তে পেশকৃত সর্বমোট ৪,৯৬,১৩৯.৪০৮ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার এক শত ঊনচল্লিশ দশমিক চার শূন্য আট) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সবিনয়ে উপস্থাপন করা হ’ল।



৭/৮/২২ ১:১৬ অপরাহ্ন
সদ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



৭/৮/২২ ২:২২ অপরাহ্ন
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



৭/৮/২২ ২:৩০ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

৭/৮/২২ ১১:৪৪ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৭/৮/২২ ১১:৪৪ অপরাহ্ন

আলোচনা করুন।



৭/৮/২২ ১১:৪৪ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

৯/৮/২২ ১:১১ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৯/৮/২২ ১:১০ অপরাহ্ন

Please submit the nothi according to the discussion with SE (MODS Circle-1) sir.



৯/৮/২২ ১:১১ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

১৪/৮/২২ ১:০৫ অপরাহ্ন
সদ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ১৪/৮/২২ ১:০৪ অপরাহ্ন


অনুঃ১.৬ এর নির্দেশনা মোতাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা এর সাথে আলোচনা হয়েছে। আলোচনা মোতাবেক জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন ঢাকা-চট্টগ্রাম রোডের দক্ষিণ পার্শ্বে জনবহুল এলাকা জুরাইন, মুরাদপুর, মেরাজনগর, মোহাম্মদবাগ, রসুলপুর, শাহী মহল্লা ও তৎসংলগ্ন এলাকায় প্রায়শঃ পানির লাইন লিকেজের অভিযোগ পাওয়া যায়। অত্র জোনের আওতাধীন অধিকাংশ এলাকা ডি এন্ড ডি প্রকল্পের অন্তর্ভুক্ত হওয়ায় উক্ত এলাকায় খাল, ডোবা, নালা এবং পরিত্যক্ত জলাধার তুলনামূলকভাবে বেশী। যার প্রেক্ষিতে উক্ত এলাকায় পানির লাইন লিকেজ হলে পানি অপচয় হওয়াসহ নেটওয়ার্কে ময়লা পানি প্রবেশ করে। সেপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণদের সর্বোচ্চ সেবা প্রদান ও সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে নূন্যতম সময়ে পানির লাইনের লিকেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.৮ - তারিখঃ ১৪/৮/২২ ১:০৪ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.৭ এর বর্ণনানুযায়ী “Repairing of water line leakage at south side of Dhaka-Chittagong road under MODS Zone-7 area, Dhaka WASA (Package-9)” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি করা জরুরি বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের নিমিত্তে “পার্ট-বি”-তে পেশকৃত

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

সর্বমোট ৪,৯৬,১৩৯.৪০৮ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার এক শত ঊনচল্লিশ দশমিক চার শূন্য আট) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করার জন্য পুনরায় উপস্থাপন করা হ'ল। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সর্বিনয়ে উপস্থাপন করা হ'ল।



১৪/৮/২২ ১:০৫ অপরাহ্ন
সদ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৪/৮/২২ ২:৫৫ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



১৪/৮/২২ ৫:২১ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১৬/৯/২২ ৭:১১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৯ - তারিখঃ ১৬/৯/২২ ৭:১১ অপরাহ্ন

অনুমোদিত



১৬/৯/২২ ৭:১১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


১০/১১/২২ ১১:২৩ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.১০ - তারিখঃ ১০/১১/২২ ১১:২০ পূর্বাহ্ন


Please take necessary steps/action.



১০/১১/২২ ১১:২১ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



১০/১১/২২ ১:৫৪ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



২৫/৬/২৩ ১২:৫৬ অপরাহ্ন
সদ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা